দৈনিক বাংলা

তারিখ 08 AUG 1995
পৃষ্ঠা ৬ কলাম ৬

60

# দাবী না মানলে সরকারী কলেজ শিক্ষকদের কর্মবিরতি

সরকারী কলেজ শিক্ষকদের দাবী-দাওয়া মানা না হলে আগামী ৯ সেপ্টেম্বর থেকে তারা কর্মবিরতি পালন করবে।

সরকারী কলেজ, শিক্ষকদের সদ্য-সমাপ্ত পদোন্নতি প্রক্রিয়ায় প্রভাষকদের পদোন্নতি না হওয়ায় এবং ৮ বছরে ৪১শ' টাকার স্কেল প্রদানের সরকারী আদেশ বাতিল হওয়ায় সোমবার বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কেন্দ্রীয় নেতৃবৃন্দ তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। প্রভাষকদের ৪১শ টাকার স্কেল ও অন্যান্য স্তরের শিক্ষকদের বেতন স্কেল পরবর্তী ধাপে উন্নীত করার জন্য সমিতির নেতৃবৃন্দ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবী জানান। শিক্ষকদের এ দাবী মানা না হলে শিক্ষকরা আগামী ৯ সেপ্টেম্বর থেকে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি পালন করবে।

গতকাল সোমবার এক বিবৃতিতে বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতি এ দাবীর প্রতি সমর্থন জানিয়ে অনুরূপ কর্মসূচী ঘোষণা করেন।

সোমবার বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক-সমিতির এক প্রতিনিধি সম্মেলনে সহকারী শিক্ষকদের প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্য্যাদা প্রদানের দাবী করা হয়।

সম্মেলনে সমিতির পক্ষ থেকে কয়েকটি সিদ্ধান্ত নেয়া হয়। সমিতির সিদ্ধান্তে বলা হয়, আগামী ২০ আগস্ট পর্যন্ত সকল সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ কালো ব্যাজ ধারণ করবেন। আগামী ২৭ আগস্ট প্রেসক্লাবের সামনে বাসমাশিসের কেন্দ্রীয় মহানগরী কমিটির নেতৃবৃন্দ একদিনের প্রতীক অনশন পালন করবেন।

সম্মেলনে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি মোঃ সেকান্দার আলী খলিফা। খবর বিজ্ঞপ্তির।